



## গণরুম সমস্যা সমাধানে ঢাবিতে ছাত্র সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আগামী ১৫ দিনের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ‘গণরুম’ সমস্যার সমাধানে পদক্ষেপ না নিলে শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে উপাচার্যের বাসায় উঠবেন বলে হুঁশিয়ারি দিয়েছেন ডাকসুর সদস্য তানভীর হাসান সৈকত। এছাড়া গণরুমের বর্তমান শিক্ষার্থীদের আবাসন সুবিধা নিশ্চিত না হওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের পরবর্তী শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম স্থগিত রাখারও আহ্বান জানিয়েছেন তিনি।

গণরুম সমস্যা সমাধান ও নবীন শিক্ষার্থীদের সর্বোচ্চ সুযোগ-সুবিধা নিশ্চিত করে ভর্তির দাবিতে মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে রাজু ভাস্কর্যে ছাত্র সমাবেশ করেন তিনি। এ সময় ঢাবির বিভিন্ন হলের গণরুমের প্রায় ৫০ জন প্রথম বর্ষের শিক্ষার্থী যোগ দেয়।

ধানমণ্ডির রেস্টুরাঁয় নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অভিযান

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এস এম শান্তনু চৌধুরীর নেতৃত্বে সোমবার ঢাকা মহানগরীর ১০/এ ধানমণ্ডি এলাকার শর্মা কিং রেস্টুরাঁয় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। এ সময় বাসি দুর্গন্ধযুক্ত বনরুটি, দুর্গন্ধযুক্ত খিচুড়ি ও নুডলস, রান্নাঘরে ফ্রাইড চিকেনের ওপর কাঁচা মাছ থেকে পানি পড়া, সর্বোপরি চাহিবামাত্র নবায়নকৃত নিবন্ধন না পাওয়ায় অপরাধে ওই প্রতিষ্ঠানকে এক লাখ টাকা অর্থদ- করা হয়। মোবাইল কোর্ট পরিচালনাকালে প্রসিকিউটর হিসেবে সহায়তা করেন মাহমুদুল হাসান আনছারী ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নিরাপদ খাদ্য পরিদর্শক এবং সঙ্গীয় আনসার ফোর্স। -বিজ্ঞপ্তি

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকণ্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),  
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
**ই-মেইল:** janakanthanews@gmail.com  
**ই-জনকণ্ঠ:** [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com